গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮০.২৫.০০৭.১৮-১২২

তারিখঃ ০৫ শ্রাবণ ১৪২৭ / ২০ জুলাই ২০২০

## বিজ্ঞপ্তি

**বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষের জন্য মিশর সরকার কর্তৃক আন্ডারগ্রাজুয়েট ও মাস্টার্স পর্যায়ে বৃত্তি।**

মিশর সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তির আওতায় ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক ও মাস্টার্স পর্যায়ে বৃত্তির জন্য বাংলাদেশি নাগরিকদের আবেদন আহবান করা যাচ্ছে। **আগ্রহী আবেদনকারীকে মাদ্রাসা শিক্ষার্থী হতে হবে।** তাদের মিশরের Ministry of Higher Education & Scientific Research এর ওয়েবসাইটে (www.mohe-casm.edu.eg) প্রদত্ত নিয়মমাফিক আবেদন ও অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। উল্লেখ্য, মিশরের বিশ্ববিদ্যালয়সমূহে কেবলমাত্র অনলাইন ভর্তি হয়ে থাকে। ফলে অনলাইন আবেদন ব্যতীত কোনো শিক্ষার্থীর মনোনয়ন মিশরীয় কর্তৃপক্ষ গ্রহণ করবে না। আরও উল্লেখ্য, মিশরের উক্ত ওয়েবসাইটে গিয়ে আবেদন ও রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। মিশরীয় উচ্চশিক্ষা মন্ত্রণালয়/ওয়াফেদিন কর্তৃক অনলাইন আবেদন গৃহীত হওয়ার একটি কপি (হার্ড কপি) প্রতিটি শিক্ষার্থীর আবেদনের সাথে সংযুক্ত করা বাধ্যতামূলক ভাবে আবশ্যক।

**বিশেষভাবে উল্লেখ্য, মিশরে অবস্থিত বাংলাদেশ দূতাবাস থেকে প্রেরিত বাংলা পত্রটি (এতৎসঙ্গে সংযুক্ত) মনযোগসহকারে পড়া ও অনুধাবন করা আবশ্যক। উক্ত পত্র পড়ে অতঃপর মিশরীয় বৃত্তির জন্য আবেদন করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া বাঞ্ছনীয় হবে।**

১.১ বৃত্তির ডকুমেন্টস, শিক্ষা মন্ত্রণালয়ের আবেদন ফরম এতৎসঙ্গে সংযুক্ত (পৃষ্ঠা: ৩-৬)।

২.০ উল্লেখযোগ্য শর্তাবলি :

২.১ আবেদনকারীর বয়স ১৮ হতে হবে।

২.২ সংযুক্ত সকল ডকুমেন্ট ইংরেজিতে হতে হবে।

৩.০ আবেদনপত্র দাখিলের নিয়মাবলি:

৩.১ প্রাথমিক তথ্য ফরমসহ আবেদনসমূহ (তিন সেট) এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল ডকুমেন্ট একটি খামে দাখিল দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না;'

৩.২ আবেদনকারীকে মিশর ও বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের Link-এ অনলাইন আবেদন করতে হবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের **Online লিংকটি ২০ জুলাই ২০২০ থেকে ৩০ জুলাই ২০২০ রাত ১২টা পর্যন্ত Open থাকবে।**

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের লিংক : http://scholar.banbeis.gov.bd/egypt/

মিশর কর্তৃপক্ষের কাছে অনলাইন আবেদনের লিংক: www.mohe-casm.edu.eg

**[বিশেষ দ্রষ্টব্য: উক্ত দুটি মেইলে প্রেরিত আবেদন ফরমের কপি সংরক্ষণ করতে হবে যাতে চাহিবামাত্র মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এ জমা প্রদান/প্রেরণ করা যায়।**

৩.৩ পূরণের গাইডলাইন **১ নং পৃষ্ঠা** দেয়া আছে;

৩.৪ দাখিলকৃত প্রাথমিক তথ্যছক ফরম **(পৃষ্ঠা ০২)** এবং সংযুক্ত সকল ডকুমেন্টের একটি চেকলিস্ট/ তালিকা জমা প্রদান করতে হবে।

৩.৫ ডকুমেন্টসমূহের উপরের ডানদিকে পৃষ্ঠানম্বর লিখতে হবে।

৩.৬ আবেদনকারীকে উক্ত অনলাইন লিংকে তথ্য দাখিল করার পর উক্ত পূরণকৃত ফর্ম, সার্টিফিকেট/ মার্কশিট, **পুলিশ ক্লিয়ার‍্যান্স সার্টিফিকেট**, পাসপোর্টের ফটোকপি (যদি থাকে), ন্যাশনাল আইডি, Language Proficiency এর সার্টিফিকেটের কপি (যদি থাকে) এবং সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট এর সত্যায়িত ফটোকপি শিক্ষা মন্ত্রণালয়ে নিম্নোক্ত ঠিকানায় জমা দিতে হবে :

ঠিকানা: বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর ২নং গেইট-সংলগ্ন অভ্যর্থনা কক্ষের ৯নং কাউন্টার।

সময়: সকাল ১০-১১টা এবং বিকাল ৩.৩০-৪.৩০ টা। আবেদনপত্রের **হার্ডকপি** দাখিলের **শেষ সময় ১০ আগস্ট ২০২০ দুপুর ১২.০০ টা।**

৩.৭ খামের উপর অবশ্যই প্রাপক, প্রেরক, ID/ Tracking No. উল্লেখ করতে হবে। প্রাপক : যুগ্মসচিব (বৃত্তি), শিক্ষা মন্ত্রণালয়, কক্ষ নং : ১৭০৬, ভবন নং : ৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩.৮ প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে Language Proficiency in Arabic প্রাধান্য দেয়া হবে।

৩.৯ **বিশেষভাবে উল্লেখ্য,** কোনো প্রার্থী একাধিক প্রোগ্রামে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ আন্ডারগ্রাজুয়েট/ মাস্টার্স যে কোনো একটি প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবে। **এ ছাড়া,** পূরণকৃত তথ্যছক ও ক্যাটাগরি অনুযায়ী প্রযোজ্য সার্টিফিকেট/মার্কশিট ও অন্যান্য যাবতীয় ডকুমেন্টের হার্ডকপি এবং **পুলিশ ক্লিয়ার‍্যান্স সার্টিফিকেট** সংগ্রহপূর্বক তার হার্ডকপি মন্ত্রণালয়ে জমা না দেওয়া হলে কোনো আবেদন বিবেচনা করা হবে না।

২০.৭.২০

(সৈয়দ আলী রেজা)
যুগ্মসচিব
ফোনঃ +৮৮ ০২ ৯৫৭৩৭৭৩
ds_stp@moedu.gov.bd

F:\Mukti 27.6.18\scholarship\Egypt Scholarship\Advertism.doc.doc

অনুলিপি : (বিজ্ঞপ্তিটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহের গ্রুপ মেইলে প্রদানের অনুরোধ জানানো হলো):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। (বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা। [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধসহ।]

৩। সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, আই.সি.টি সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

Onlineআবেদন ফর্ম পূরনের নির্দেশনা।

- আবেদনকারীকে অবশ্যই online এ আবেদন করতে হবে।
- প্রার্থীকে Program Name এর Drop down List থেকে (Undergraduate/ Postgraduate) পছন্দ নির্বাচন করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য input দিয়ে submit button এ Click করতে হবে।
- Online ফরম এ submit button এ Click করার পর প্রার্থীর প্রদত্ত e-mail ঠিকানায় প্রার্থীর ID এবং Password চলে যাবে। প্রার্থীকে e-mail open করে Active Link এ Click করে ID এবং Password প্রদান করে আবেদন পত্রটি Activate করতে হবে।
- ই-মেইল সাথে সাথে না পাওয়া গেলে Spam/ Junk mail এ চেক করতে হবে।
- প্রার্থীকে % of mark সঠিক ভাবে লিখতে হবে। এক্ষেত্রে online আবেদন এর নিচে লাল কালিতে উদাহরণ অনুসরণ করা যেতে পারে।
- Welcome page এর Menu থেকে Application Login এ Click করে Tracking Number এবং password প্রদান করে আবেদনপত্রটি Edit Application ও Print Preview এর মাধ্যমে প্রয়োজনীয় Edit ও Print করা যাবে।
- আবেদন পত্রটি Print করে Print কপি সহ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল Hard copy documents বিজ্ঞপ্তিতে প্রদত্ত ঠিকানায় জমা দিতে হবে।
- Online ফরম পূরণ সম্পর্কিত কোন সমস্যার জন্য scholarship@banbeis.gov.bd তে e-mail করা যাবে।

Government of the People's Republic of Bangladesh
Secondary & Higher Education Division
Ministry of Education

Primary Information Form

01. Applicant's name:

02. Father's Name:

03. Mother's Name:

04. Gender:

05. Date of Birth & Age:

06. Nationality (Submit the photocopy of National ID):

07. Permanent Address:

08. Present Address:

09. E-mail:

10. Phone/ Mobile:

11. Language Proficiency in Arabic/ English (Mention Score, if applicable):

12. Photocopy of Passport: (if yes, attach a copy)

13. Police Clearance Certificate: Attach or send a copy by 10 August, 2020.

14. Particulars of Examination Passed (Submit photocopies of the certificates & Transcript):

| Names of the Examinations | Institutions & years of passing | Grade/ Class/ Division | % of the marks obtained |
|---|---|---|---|
| | | | |

15. Attach Passport size photographs (02 copies):

16. **Attach a list of the documents submitted:**

**(NB: All the documents should be numbered and labelled)**

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
18, HAYEET EL-TADRESS STREET, DOKKI 12311, CAIRO, EGYPT
TEL: +20-2-3748-1796 & +20-2-3748-1758, FAX: +20-2-3748-1782
mission.cairo@mofa.gov.bd ● www.bangladeshembassy.org

সচিব মহোদয়ের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
09 JUL 2020
ডাইরী নং....২৬৬

নং-১৯.০১.২০০১.২০১.০৮৯.০১/৩৭৯ ০৭ জুলাই ২০২০

বিষয়ঃ আগামী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য মিশরে বিদ্যমান শিক্ষাবৃত্তির চিঠি অগ্রায়ন এবং এ সম্পর্কিত কতিপয় গুরুত্বপূর্ণ তথ্য।

**প্রিয় মহোদয়,**

মিশরের উচ্চশিক্ষা মন্ত্রণালয় হতে আগামী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বাংলাদেশী শিক্ষার্থীদের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নের জন্য প্রাপ্ত চিঠি পরবর্তী কার্যক্রমের জন্য এতদসংগে প্রেরণ করা হলো। সাংস্কৃতিক বিনিময় কর্মসূচীর আওতায় মিশর সরকার প্রতিবছর মোট বার(১২)জন বাংলাদেশী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করে থাকে। ৯টি বৃত্তি স্নাতক পর্যায় এবং ৩টি স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের জন্য।

<u>মিশরের শিক্ষাবৃত্তির বিষয়ে কতিপয় গুরুত্বপূর্ণ তথ্যঃ</u>

১। মিশরের বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি কেবলমাত্র অনলাইনে হয়ে থাকে এবং আগ্রহী শিক্ষার্থীর অনলাইনে রেজিষ্ট্রেশন আবশ্যক। তাই আগ্রহী প্রার্থীদেরকে মিশরীয় উচ্চশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moha-casm.edu.eg-এ প্রদত্ত নিয়মমাফিক আবেদন ও রেজিষ্ট্রেশন করতে হবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির জন্য উক্ত ওয়েবসাইট আগ্রহী শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত রয়েছে।

২। স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নের জন্য বাংলাদেশ থেকে মনোনীত শিক্ষার্থীদের আগ্রহ থাকা স্বত্বেও তাদের বৃত্তি প্রতি বছরই নানা কারণে শূণ্য থেকে যায়। স্নাতক শ্রেণীতে অধ্যয়নের জন্য মিশরের সাথে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার সমতাকরণ বিদ্যমান থাকলেও স্নাতকোত্তর শ্রেণীতে তা নেই। কাজেই মিশরের স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নের জন্য বাংলাদেশের আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই পূর্বে মিশরের "সমতাকরণ বিভাগ (Equivalence Board)" হতে তাদের স্ব-স্ব বিষয়ের সমতাকরণ সনদ গ্রহণ করার পর বৃত্তির জন্য দরখাস্ত দাখিল করা প্রয়োজন। অন্যথায়, সমতাকরণ সনদের অভাবে মনোনীত প্রার্থীর বৃত্তি বাতিল হতে পারে। বাংলাদেশ থেকে মিশরে গিয়ে স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নেচ্ছুক প্রার্থীদের শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই তাদের স্ব-স্ব বিষয়ের সমতাকরণ করে রাখা প্রয়োজন। অর্থাৎ মনোনীত হওয়ার পূর্বেই সমতাকরণ করে রাখা আবশ্যক, পরে নয়।

৩। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে ডাক্তারি শাস্ত্র ব্যতীত অন্যান্য বিষয়ে স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নের জন্য মিশরে প্রতি বছরের আগস্টে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার প্রথা চালু হয়েছে।

৪। মিশরে স্নাতক শ্রেণীতে অধ্যয়নের মেয়াদ ৪(চার) বছর হলেও নানা কারণে তা ৫(পাঁচ) বছরেও শেষ হয় না, কিন্তু বৃত্তি প্রদান করা হয় ৩(তিন) বছরের। ঢাকাস্থ মিশরীয় দূতাবাসে ভিসা জটিলতা ও মিশরের রাষ্ট্রীয় নিরাপত্তা বিভাগের নিরাপত্তা ছাড়পত্রের (Security Clearance) কারণে অধ্যয়নের শুরুতেই ছাত্রছাত্রীদের শিক্ষাবর্ষের খানিকটা এমনকি বৎসরাধিককাল অতিবাহিত হয়ে যায়। কাজেই স্নাতক কোর্স সমাপনের জন্য প্রত্যেক শিক্ষার্থীর দ্বিতীয় মেয়াদে শিক্ষাবৃত্তি বর্ধিতকরণের প্রয়োজন পড়ে। দ্বিতীয় মিয়াদের পর আর কোন বৃত্তি সম্প্রসারনের সুযোগ নেই।

| | |
|---|---|
| শিক্ষা মন্ত্রণালয় | |
| ডায়রি নং: | |
| তারিখ: ১২/৭/২০ | |
| যুগ্ম-সচিব (বিশ্ব) | |
| উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব | শাখা-১৭ |
| যুগ্ম-সচিব (বিশ্ব) | শাখা-১৮ |
| উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব | শাখা-১৯ |
| ব্যক্তিগত কর্মকর্তা | |

পৃষ্ঠা - ০৬

অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়)

৫। ভিসা জটিলতা ও মিশরের রাষ্ট্রীয় নিরাপত্তা বিভাগের বিলম্বিত নিরাপত্তা ছাড়পত্রের (Security Clearance) কারণে স্নাতক শ্রেণীতে অধ্যয়নের জন্য মিশরে গমনের পর ছাত্রছাত্রীদের স্ব-স্ব শ্রেণীতে প্রথম বছর শুধুমাত্র শ্রোতা (Listener) হিসাবে শ্রেণীকক্ষে উপস্থিত থাকতে হয়। নিরাপত্তা ছাড়পত্র (Security Clearance) জারী না হওয়া অবধি তাদের বৃত্তির কার্যক্রম চালু হয় না।

৬। বিগত ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ হতে মাসিক বৃত্তি প্রদানের পরিবর্তে বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাসে অবস্থানকারী শিক্ষার্থীদের তাদের থাকা-খাওয়া বাবদ মাসিক ফি আরোপ করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, ২০১৩-২০১৪ সেশন পর্যন্ত ছাত্রাবাসে থাকা-খাওয়ার বাইরে ছাত্রছাত্রীদেরকে মাসিক ১৬৫ পাউন্ড হারে বৃত্তি প্রদান করা হয়েছে। কিন্তু ২০১৪-১৫ সেশন হতে কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদেরকে আর মাসিক বৃত্তি (১৬৫ পাউন্ড) প্রদান করছে না। অধিকন্তু ২০১৭-২০১৮ সেশন হতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের থেকে ছাত্রাবাসে থাকা-খাওয়া বাবদ মাসিক ৩৫০ পাউন্ড হারে গ্রহণ করছে। বর্তমানে ছাত্রাবাসে অবস্থান না করলে মাসিক ১৫০ পাউন্ড হারে বৃত্তি প্রদান করা হয়। আর গ্রীষ্মকালীন বন্ধে ছাত্রাবাসের ক্যাফেটেরিয়া বন্ধ থাকার সময় শিক্ষার্থীদেরকে শুধুমাত্র হোস্টেল ফি পরিশোধ করতে হয়।

৭। ঢাকাস্থ মিশরীয় দূতাবাসে ভিসার জন্য আবেদনের সময় কখনো কখনো 'ইফাদাহ' (বিশ্ববিদ্যালয়ে ভর্তি থাকার স্বপক্ষে প্রমাণপত্র) আবার কখনো কখনো মিশরের রাষ্ট্রীয় নিরাপত্তা বিভাগের নিরাপত্তা ছাড়পত্র চাওয়া হয়। বিশ্ববিদ্যালয় থেকে 'ইফাদাহ' সরবরাহ করা গেলেও নিরাপত্তা ছাড়পত্র (Security Clearance) জারীর বিষয়টি মিশরের রাষ্ট্রীয় নিরাপত্তা বিভাগ থেকেই কেবল সম্পন্ন হয়ে থাকে।

৮। মনোনীত শিক্ষার্থীদের তালিকা আগামী আগস্ট-২০২০ এর মধ্যে অত্র দূতাবাস মারফত মিশরের উচ্চশিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছাতে হবে। মিশরীয় উচ্চ শিক্ষা মন্ত্রণালয়/ওয়াফেদিন কর্তৃক অনলাইন আবেদন গ্রহীত হওয়ার একটি কপি (হার্ড কপি) প্রতিটি শিক্ষার্থীর আবেদনের সাথে সংযুক্ত করা বাধ্যতামূলক ভাবে আবশ্যক। ***

৯। সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ২ পাতা।

আপনার একান্ত,

7/7/2020

(এটিএম আব্দুর রউফ মন্ডল)
সিডিএ এ.আই.

সচিব
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃঃ আঃ সৈয়দ আলী রেজা, যুগ্ম-সচিব, শাখা-১৯(বৃত্তি)]।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মিজ্ মালেকা পারভীন, মহাপরিচালক(আফ্রিকা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

2/2

Unofficial translation

**Arab Republic of Egypt**
**Ministry of Higher Education and scientific Research**
**The Central Department for Foreign Students Affairs**

**Ref. no.: 1275**
**Date: 31/05/2020**

**To: the Cultural Counsellor of the Embassy of the Peoples Republic of Bangladesh in Cairo**

The General Department for Foreign Students and with reference to the admission for the foreign students in Egyptian universities and institutes for undergraduate and postgraduate students in the academic year 2020/2021, the Department kindly requests your hounor to provide a of the list of students nominated to attend the is the scholarship of the executive program between Egypt and Bangladesh for the academic year 2020/2021. It is worth mentioning that the scholarships are 9 undergraduate and 3 postgraduate.

Kindly be informed.

Regards

**In Charge of**
**Chief of Central Department**
**for Foreign Students Affairs**
*Signature*
**(Prof. Dr. Rasha Kamal)**

পৃষ্ঠা-০৫

Cultural Affairs and Missions Sector
قطاع الشئون الثقافية والبعثات

جمهورية مصر العربية
وزارة التعليم العالي والبحث العلمي
رئيس الإدارة المركزية
لشئون الطلاب الوافدين

السيد الاستاذ الدكتور/ المستشار الثقافي بسفارة بنجلاديش بالقاهرة

تحية طيبة و بعد

تهدي الادارة العامة للوافدين أطيب تحياتها لسيادتكم

بالاشارة الى بداية التقديم للطلاب الوافدين للالتحاق بالجامعات و المعاهد العليا المصرية للعام الأكاديمي الجديد ٢٠٢٠/٢٠٢١

ترجو الادارة من سيادتكم موافاتها بقائمة بأسماء الطلاب المرشحين للحصول على منح التبادل الثقافي للعام الجامعي الجديد ٢٠٢٠/٢٠٢١ وعددها ٩ منح جامعية و٣ منح دراسات عليا سنويا.

برجاء التكرم بالاحاطة

وتفضلوا بقبول وافر الاحترام

عطاف

رئيس الادارة المركزية
لشئون الطلبة الوافدين

١٨/٥/٢٠٢٠

( د / رشا كمال محمد )

١٢٧٥
٢١/٥/٢٠٢٠



০৬ - দূতা